



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৭/৪০১৫

তারিখ : ০৬/০৮/২০১৭

২০১৭-২০১৮ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এল এল বি ১ম পর্ব/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেভাইজিং কোর্সসমূহের রিলিজ স্লিপের মেধা তালিকা ০৬ আগস্ট ২০১৭ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হলো। উক্ত ফলাফল SMS ([nu<space>atpm<space>roll no](mailto:atpm@nu.edu.bd)) টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

২০১৭-২০১৮ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের ভর্তি নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশের তারিখ	০৬/০৮/২০১৭
খ)	রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ: ♦ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির আবেদন ফরম পূরণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Masters Tab Select করে Masters Professional Applicant Login অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।	০৭/০৮/২০১৭ থেকে ২১/০৮/২০১৭
গ)	কলেজ কর্তৃক রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ	০৭/০৮/২০১৭ থেকে ২৩/০৮/২০১৭
ঘ)	কলেজ কর্তৃক রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত প্রার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ (ভর্তি নির্দেশিকার ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী) “সোনালী সেবা” এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: ♦ কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (MS Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন ‘সোনালী সেবা’ প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৪/০৮/২০১৭ থেকে ২৯/০৮/২০১৭

মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী/প্রতিবন্ধী/পোষ্য কোটায় আবেদনকারী প্রার্থীদের প্রতি দৃষ্টি আকর্ষণ

২০১৭-২০১৮ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী/প্রতিবন্ধী/পোষ্য কোটায় আবেদন করেছে কিন্তু মেধা তালিকায় স্থান পায়নি অথবা স্থান পেয়েও ভর্তি হয়নি, তাদেরকে সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র ও প্রাথমিক আবেদন ফরমসহ ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর ১৭ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই যোগাযোগ করতে হবে।

স্বাক্ষরিত/-

০৬/০৮/২০১৭

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৭/৪০১৫

তারিখ : ০৬/০৮/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪